Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

ফাল্গুন ১৯, ১৪২৫

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৪

তারিখ:------------------

মার্চ ০৩, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশের ভৌগলিক সীমার বাহির হতে সেবা সরবরাহের ক্ষেত্রে
সেবা গ্রহণকারীর নিকট হতে মূসক আদায় নিশ্চিতকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর জানুয়ারি ২২, ২০১৯ তারিখের পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৩.১২/৩২ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ.কে.এম.আমজাদ হোসেন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৩.১২/ ৬২

তারিখ: ০৯ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২২ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশের ভৌগলিক সীমার বাহির হতে সেবা সরবরাহের ক্ষেত্রে সেবা গ্রহণকারীর নিকট থেকে মূসক আদায় নিশ্চিতকরণ।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৩.১২/১১৮, তারিখঃ ২৬ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩ এর উপ-ধারা (৩) এর দফা (ঘ) অনুযায়ী বাংলাদেশের ভৌগলিক সীমার বাহির হতে সেবা (যেমন: রয়্যালটি, বিভিন্ন ইন্টারনেট সার্ভিস, ফেসবুক, ইউটিউব-ও এ সকল মাধ্যমে বিজ্ঞাপন প্রচার ইত্যাদি) সরবরাহের ক্ষেত্রে সেবা গ্রহণকারীর নিকট হতে ১৫% হারে মূসক আদায়যোগ্য। এ সকল সেবার বিপরীতে পণ্যমূল্য বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ব্যাংকের মাধ্যমে বিদেশে প্রেরণ করা হয়। কিন্তু, কোন কোন ব্যাংক এ খাত থেকে মূসক আদায় করছে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়েছে। বর্ণিতাবস্থায়, Mastar Card বা Visa Card বা TT ব্যবহৃত হলেও অর্থাৎ Mode of Payment যে ভাবেই হউক না কেন উৎসে ১৫% হারে ভ্যাট কর্তনপূর্বক সরকারি ট্রেজারিতে জমা করা অতীব জরুরী। তাই সকল ব্যাংককে এ খাত হতে যথাযথ রাজস্ব আদায় নিশ্চিত করার প্রয়োজনীয় অনুশাসন প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

22.01.19

[ হাছান মুহম্মদ তারেক রিকাবদার ]
প্রথম সচিব (মূসক নীতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১

প্রাপকঃ

গভর্নর,
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়,
মতিঝিল, ঢাকা-১০০০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১-৩। সদস্য (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)।